JAN. 0 1 2002

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ২

# শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্টের নয়া কমিটির কাছে দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে হট্টগোল

**ইত্তেফাক রিপোর্ট** ॥ শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের কর্তৃত্ব নিয়ে দুটি শিক্ষক জোটের মধ্যে রেষারেষি চরম পর্যায়ে উপনীত হয়েছে। গত রবিবার কল্যাণ ট্রাস্টের বিদায়ী সাধারণ সম্পাদক অধ্যক্ষ কাজী ফারুক আহমেদসহ অন্যান্য নেতা আনুষ্ঠানিকভাবে নতুন কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করেন। এ অনুষ্ঠানে আসন বন্টন ও চেয়ারে বসাকে কেন্দ্র করে শিক্ষকদের মধ্যে হট্টগোল হয়। দুই শিক্ষক জোট অনুষ্ঠানের বর্ণনা দিয়েছেন ভিন্নভাবে। শিক্ষক সমিতি ফেডারেশন রোববার এক প্রেস বিজ্ঞপ্তিতে বলেছে, ৮৯০৭ জন বেসরকারী শিক্ষক-কর্মচারীকে কল্যাণ ট্রাস্ট থেকে ২৬ কোটি টাকা পরিশোধ। ট্রাস্টের নিজস্ব অফিস স্থাপনসহ সাফল্যের সাথে দায়িত্ব পালনের জন্য শিক্ষক সমিতি (১৪শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## শিক্ষক কর্মচারী কল্যাণ

(৩য় পৃঃ পর)

ফেডারেশন অধ্যক্ষ কাজী ফারুক আহমেদকে সংবর্ধনা প্রদান করবে। প্রেস বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে আসন গ্রহণ নিয়ে ট্রাস্টের নতুন সদস্য সেলিম ভূঁইয়া মহানগরীর একজন প্রধান শিক্ষকের সাথে অশোভন আচরণ করলে উপস্থিত শিক্ষকবৃন্দ প্রতিবাদ জানিয়ে তাকে দুঃখ প্রকাশ করতে বলেন। তিনি উক্ত শিক্ষকের নিকট ভুল স্বীকার করে দুঃখ প্রকাশ করেন। এরপর অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ ও অধ্যক্ষ শরিফুল ইসলাম পরস্পরকে কাছে টেনে নিয়ে করমর্দন করেন।

অপরদিকে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, অবশেষে শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের দায়িত্ব নিতে বাধ্য হলেন অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। গত ২৩শে ডিসেম্বর মহাপরিচালকের নির্দেশ সত্ত্বেও তিনি দায়িত্ব হস্তান্তর নিয়ে টালবাহানা করছিলেন। রোববার ট্রাস্টের দায়িত্ব হস্তান্তরের কথা শুনে ঢাকা মহানগরীর প্রায় ৫ শতাধিক শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের অফিসে উপস্থিত হন।

আমাদের বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, বেসরকারী শিক্ষক কল্যাণ ট্রাস্টের নূতন কমিটির সদস্য সচিব অধ্যাপক এম শরীফুল ইসলামকে গত রোববার এক অনুষ্ঠানের মাধ্যমে দায়িত্ব হস্তান্তর করা হয়েছে। দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ডঃ এটিএম শরীফুল্লাহ, পরিচালক খলিলুর রহমান, কল্যাণ ট্রাস্টের সদস্য অধ্যক্ষ মাজাহারুল হান্নান সেলিম ভূঁইয়া প্রমুখ উপস্থিত ছিলেন।